6

দৈনিক বাংলা

তারিখ ৪৭ JUL 1996
৭০৭৭
পৃষ্ঠা ৬ কলাম

## সম্মিলিত প্রয়াসেই ফল ভাল হয়েছে ঃ গবঃ ল্যাবরেটরীর প্রধান শিক্ষক

স্টাফ রিপোর্টার ঃ এবারের এসএসসি পরীক্ষায় সবচেয়ে ভাল রেজাল্ট করেছে গবঃ ল্যাবরেটরী স্কুলের ছাত্ররা। তারা বিজ্ঞান বিভাগের সম্মিলিত মেধা তালিকার প্রথম ১৫টি স্থানের মধ্যে ১২টিই

(৪-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## প্রধান শিক্ষক

(প্রথম পৃষ্ঠার পর)

দখল করে নেয়।

এই কৃতিত্বপূর্ণ রেজাল্টের কারণ জানতে দৈনিক বাংলার পক্ষ থেকে আমরা মুখোমুখি হই স্কুলের প্রধান শিক্ষক মোঃ হাবিবুল্লাহ খানের। তিনি জানালেন, এই ধরনের সাফল্যের পিছনে সব সময়ই সম্মিলিত উদ্যোগ কাজ করেছে। ছাত্র, শিক্ষক এবং অভিভাবকদের সম্মিলিত পরিশ্রম এবং স্কুলের পড়াশুনার সুন্দর পরিবেশ এক্ষেত্রে সমানভাবে ভূমিকা রেখেছে বলে তিনি মনে করেন। তিনি জানান, ভাল রেজাল্টের জন্য ভাল ছাত্র, ভাল শিক্ষক, ভাল বাবা-মা এবং একই সাথে স্কুলের ভাল পরিবেশ দরকার। ছাত্রদের এই ধরনের গৌরবোজ্জ্বল রেজাল্টে স্কুলের অন্যান্য শিক্ষকদের মত তিনিও আনন্দে উদ্বেলিত হয়েছেন বলে জানালেন।

এবারের তুলনায় আগের কয়েক বছর গবঃ ল্যাবরেটরী স্কুলের রেজাল্ট খারাপ হয়েছিল কেন জানতে চাইলে তিনি বলেন, সব সময়ই একটা স্কুল একই ধরনের রেজাল্ট করবে— এটা আশা করা উচিত নয়। বিশেষ করে বর্তমান এই প্রতিযোগিতামূলক পরিবেশে যেখানে প্রত্যেক ভাল স্কুলই চেষ্টা করছে তার ছাত্রছাত্রীদের রেজাল্ট ভাল করাতে। সেসব স্কুলে গবঃ ল্যাবরেটরী স্কুলের চেয়েও যোগ্যতাসম্পন্ন শিক্ষক রয়েছেন। মেধাবী ছাত্রছাত্রী রয়েছে। কাজেই তারা যে কখনও মেধা তালিকায় আসবে না— এটা ভাবা ঠিক নয়।

গবঃ ল্যাবরেটরী স্কুলের শিক্ষা পদ্ধতি সম্পর্কে তিনি জানালেন, অন্যান্য ভাল স্কুলের মত একই পদ্ধতিতে এখানে পড়ানো হয়। তবে এখানকার শিক্ষকরা ছাত্র পড়ানোর পাশাপাশি নিজেরাও পড়াশুনা করেন। তারা ছাত্রদের জন্য প্রচন্ড পরিশ্রম ও আন্তরিকার সাথে কাজ করেন।

এবারের এসএসসি পরীক্ষায় পাসের হার কম হওয়ার কারণ হিসাবে তিনি বলেন, প্রশ্নব্যাংক উঠে যাওয়ার ফলে সীমিত কিছু প্রশ্ন পড়ে পরীক্ষায় পাস করা এখন কঠিন হয়ে পড়েছে।